

কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা

সবজি বীজ বিভাগ

www.badc.gov.bd

স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২৮১.৩৭.০০৩.২০.৫৮

তারিখ: ১৭ বৈশাখ ১৪২৭

৩০ এপ্রিল ২০২০

বিষয়: ২০১৯-২০ উৎপাদন বছরে ভিত্তি ও মানঘোষিত শ্রেণীর সবজি বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা জারি।

সবজি বীজ বিভাগের আওতায় ২০১৯-২০ উৎপাদন বছরে রংপুর ও মেহেরপুর সবজি বীজ উৎপাদন খামার ও ক:গ্রো: জোনের ২৩৩.৯৫ একর জমিতে ৫৫.৫১০ মে.টন সবজি বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা জারি করা হয়। মাঠ পরিদর্শন কমিটির প্রতিবেদন ও সারাদেশে সবজি বীজের চাহিদার নিরিখে রংপুর ও মেহেরপুর সবজি বীজ উৎপাদন খামার ও ক:গ্রো: জোনে গুণগত মানসম্পন্ন সবজি বীজের প্রাপ্যতার ভিত্তিতে ২০১৯-২০ উৎপাদন বছরে শীতকালীন সবজি বীজের সংগ্রহ লক্ষ্যমাত্রা নিম্নলিখিতভাবে নির্ধারণ করা হলো

বিভাগের নাম	খামার/ক:গ্রো: জোনের নাম	বীজের শ্রেণী	জমির পরিমাণ (একর)	বীজ সংগ্রহের লক্ষ্যমাত্রা (মে.টন)
সবজি বীজ বিভাগ	সবজি বীজ উৎপাদন খামার	ভিত্তি বীজ	৪৩.০০	১৩.৮৭৫
	সবজি বীজ ক:গ্রো: জোন	মানঘোষিত বীজ	১৯১.০০	৫০.০২৫
			২৩৪.০০	৬৩.৯০০

বিদ্র: জাতওয়ারী শীতকালীন সবজি বীজের সংগ্রহ লক্ষ্যমাত্রা পরিশিষ্ট 'ক' ও 'খ' তে প্রদান করা হলো।

২। শীতকালীন সবজি বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা নির্ধারণে বিবেচ্য বিষয়সমূহ:

ক) বিভিন্ন জাতের সবজি বীজের সম্ভাব্য প্রাপ্তির পরিমাণ।

খ) মাঠ পরিদর্শন কমিটির প্রতিবেদন।

গ) সংশ্লিষ্ট সবজি বীজ উৎপাদন খামার ও ক:গ্রো: জোন দ্বারা ঘোষনাকৃত বীজ প্লট।

৩। বীজ সংগ্রহকালীন "সংগ্রহমান" অনুযায়ী না হলে কোনক্রমেই বীজ সংগ্রহ করা যাবে না।

৪। বীজ সংগ্রহের আগে অংকুরোদগম ক্ষমতা ও অন্যান্য গুণাগুণ পরীক্ষা করতে হবে এবং কেবলমাত্র মানসম্পন্ন বীজই সংগ্রহ করতে হবে।

৫। সদর দপ্তরের উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে পরিদর্শন কমিটি কতক গৃহীত ফসলের মাঠ ব্যতীত অন্য কোন উৎস হতে প্রাপ্ত বীজ, বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রে গ্রহণের জন্য বিবেচিত হবে না। বীজ প্রেরণের সময় চালান প্রেরণকারী দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর বা প্রতিস্বাক্ষর থাকতে হবে।

৬। বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রে প্রেরিত বীজ নির্ধারিত সংগ্রহমান অনুযায়ী অংকুরোদগম ক্ষমতা ব্যতিরেকে অন্যান্য গুণাবলি গ্রহণযোগ্য না হলে সংগে সংগেই তা সংশ্লিষ্ট প্রেরকের নিকট ফেরত পাঠাতে হবে। চালানের অপর পৃষ্ঠায় ফেরতের সুস্পষ্ট কারণ উল্লেখ করতে হবে।


৭। প্রাথমিকভাবে গৃহীত সবজি বীজের অংকুরোদগম ক্ষমতা নির্ধারিত সংগ্রহমানের না হলে প্রাপ্ত ফলাফল উল্লেখ পূর্বক সর্বাধিক ২১ (একুশ) দিনের মধ্যে সরবরাহকারীর নিকট বীজ ফেরত পাঠাতে হবে। এই সময় সীমার মাধ্যে বীজ ফেরত পাঠাতে ব্যর্থ হলে বা ফলাফল জানানো না হলে উক্ত বীজ চূড়ান্তভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে।

৮। সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, মিরপুর, ঢাকা এর দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা বীজ সংগ্রহের পর বীজের

গুণাগুণ ও গুণগতমান বজায় রাখার জন্য দায়ী থাকবেন।

৯। বীজ সংগ্রহের অগ্রগতি প্রতিবেদন যুগ্ম পরিচালক (সবাজ বীজ), বিএডিসি, ঢাকা কে প্রতি সপ্তাহে লিখিতভাবে জানাতে হবে।

১০। লক্ষ্যমাত্রা অনুযায়ী বীজ সংগ্রহ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।



৩০-৪-২০২০

এস এম আলতাফ হোসেন

মহাব্যবস্থাপক


উপপরিচালক, রংপুর/মেহেরপুর

স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২৮১.৩৭.০০৩.২০.৫৮/১(৪)

তারিখ: ১৭ বৈশাখ ১৪২৭
৩০ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ২) জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৩) অতিরিক্ত মহাব্যবস্থাপক, বীজ বিতরণ বিভাগ, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৪) সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বীজ ও উদ্যান উইং, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন



৩০-৪-২০২০

এস এম আলতাফ হোসেন

মহাব্যবস্থাপক